দৈনিক ইনকিলাব

তারিখ 14 JUN 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1

001

## এইচএসসি পরীক্ষার তৃতীয় দিন

14 JUN 1988

# ৬৯৪ জন পরীক্ষার্থী বহিষ্কার

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল ৪টি শিক্ষা বোর্ডের ১৩৬ পরীক্ষা কেন্দ্র থেকে ৬৯৪ জন পরীক্ষার্থী বহিষ্কারের খবর পাওয়া গেছে। গতকাল ছিল ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা। গতকাল পরীক্ষা চলাকালীন সময়ে মুন্সীগঞ্জ হরগঙ্গা কলেজ কেন্দ্রে ককটেল নিক্ষেপের খবর পাওয়া গেছে। এছাড়া দেশের আর কোথাও থেকে গোলযোগের খবর পাওয়া যায়নি। মানিকগঞ্জের মহাদেবপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে গতকাল নকলরত অবস্থায় ২ জন পরীক্ষার্থীকে অতিরিক্ত জেলা প্রশাসক ধরে তাদের খাতা কলেজ প্রিন্সিপালের

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## ২১৪ জন পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষা দেয়া হলো না

।। ইনকিলাব রিপোর্ট ।।

কুমিল্লা আদর্শ কলেজের ২১৪ জন পরীক্ষার্থীর আর এইচএসসি পরীক্ষা দেয়া

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## এইচএসসি

প্রথম পৃষ্ঠার পর

কাছে জমা দেয়া হলেও তাদের বহিষ্কার করা হয়নি বলে আমাদের সংবাদদাতা জানান।

প্রাপ্ত তথ্যে দেখা যায়, গতকাল ঢাকা বোর্ডের ৩৯টি কেন্দ্র থেকে ২১৫ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে। কুমিল্লা বোর্ডের ২৭টি কেন্দ্রে ১৪৬ জন, রাজশাহী বোর্ডে ৩২টি কেন্দ্রে ১৫৯ জন, যশোর বোর্ডে ৩৮টি কেন্দ্রে ১৭৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এদিকে বাসস জানায়, শুধুমাত্র কুষ্টিয়া জেলার ৭টি পরীক্ষা কেন্দ্র থেকে এইচএসসি পরীক্ষার প্রথম ২ দিনে অসদুপায় অবলম্বনের অপরাধে ৩৪৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## পরীক্ষার্থী

প্রথম পৃষ্ঠার পর

হলো না।

কুমিল্লা বোর্ড সূত্রে জানা গেছে, কুমিল্লা আদর্শ কলেজের প্রিন্সিপাল ২১৪ জন পরীক্ষার্থীর নিকট থেকে পরীক্ষার ফিস বাবদ ১০ লাখ টাকা আদায় করে। পরীক্ষা ঘনিয়ে আসলে, কলেজের প্রিন্সিপাল গা-ঢাকা দেন। পরীক্ষার্থীরা বোর্ডের সাথে যোগাযোগ করলে বোর্ড জানায়, বোর্ডে এ ধরনের কোন রেকর্ড নেই।

পরীক্ষা দিতে না পেরে পরীক্ষার্থীরা কুমিল্লা শহরে একটি মিছিল বের করে প্রিন্সিপালের শাস্তি দাবী করে। এ ব্যাপারে থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।